গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.১৮.০০০২.২৬.১৭৩

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৯ মে ২০২৬

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিতে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ১২ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর-এঁর সভাপতিতে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ১২/০৫/২০২৬ তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (দুই পৃষ্ঠা)।

১৯.০৫.২০২৬
(মিন্টু চৌধুরী)
উপসচিব
টেলিফোন : ৪৮১১৩৩৫১
E-mail: dsplandivco@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২ সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩ সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪ সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫ সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬ সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭ সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮ সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১০ প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১ প্রধান (অতিরিক্ত সচিব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১২ মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।
১৩ অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৪ মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপদেষ্টার একান্ত সচিব, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (**ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
৪. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ১২ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় এর মাননীয় উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের আলোচনা সভা গত ১২ মে ২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এবং পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)-এর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন **(পরিশিষ্ট-ক)**।

২.০ আলোচনা:

২.১ মাননীয় উপদেষ্টা মহোদয়ের অনুমতিক্রমে সচিব, পরিকল্পনা বিভাগ স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সচিব, পরিকল্পনা বিভাগ জানান যে, আজকের এই সভায় তিনটি বিষয় উপস্থাপন করা হবে। প্রথমত: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় এঁর নির্দেশনার আলোকে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় উপস্থাপনের জন্য প্রস্তুতকৃত উপস্থাপনা, দ্বিতীয়ত: পরিকল্পনা কমিশনের চারটি (৪টি) সেক্টর/ডিভিশনের সেক্টরাল এ্যাকশন প্লান, বিদ্যমান অর্থবছরে চলমান প্রকল্পগুলোর কোনগুলো নির্বাচনী ইশতেহারের সাথে সংগতিপূর্ণ এবং কোনগুলো সংগতিপূর্ণ নয় তার তথ্য উপস্থাপনা এবং তৃতীয়ত: সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) কর্তৃক Five Year Strategic Framework for Reform & Development এর Outline উপস্থাপনা করা হবে।

২.২ সদস্য (জিইডি) Five Year Strategic Framework এর ওপর তাঁর সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করেন। শুরুতেই তিনি জানান যে, সকল অংশীজনদের সাথে নিয়ে Five Year Strategic Framework প্রণয়ন করা হচ্ছে। সর্বশেষ পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০২৫ সালে সমাপ্ত হয়েছে। এরপর আর কোন পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা হয়নি। পঞ্চবার্ষিক পরিকল্পনায় টার্গেট এবং বাস্তবায়নের মধ্যে অসাঞ্জস্যতা, implementation framework না থাকা ইত্যাদি কারণে Strategic Framework টি প্রণয়ন করা হচ্ছে যেখানে টার্গেট, প্লান এবং implementation অন্তর্ভুক্ত থাকবে। অত:পর তিনি Five Year Strategic Framework এর একটি outline উপস্থাপন করেন। উক্ত উপস্থাপনার ওপর মাননীয় উপদেষ্টা এবং মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় কিছু দিক নির্দেশনা প্রদান করেন এবং সে অনুযায়ী Strategic Framework সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে বলা হয়।

২.৩ ২৯ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে তথ্যের (data) সঠিকতা, বিশ্বাসযোগ্যতা, ব্যবহার উপযোগীতা এবং ডাটা প্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিত করার লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের গৃহীত পদক্ষেপ সম্পর্কে সভাপতি মহোদয় জানতে চান। এবিষয়ে সচিব, পরিসখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, খুবশীঘ্রই data lab উদ্বোধন করা হবে। যেখান থেকে সর্ব সাধারণ বিনামূল্যে তথ্য সংগ্রহ করতে পারবে। বর্তমান শুমারীগুলোর ক্ষেত্রে Geographic Information System (GIS) এর মাধ্যমে কাজ করা হচ্ছে। বিবিএস এর website এ সকল তথ্য (data) ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে হালনাগাদ করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

২.৪ Five Year Strategic Framework যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণের লক্ষ্যে মন্ত্রী/উপদেষ্টা কে আহবায়ক করে একটি কমিটি গঠনের বিষয়ে সদস্য, জিইডি মহোদয় মত প্রকাশ করেন। তিনি আরও বলেন যে, পরিকল্পনা কমিশনের সকল সদস্যসহ সংশ্লিষ্ট সচিবগণ উক্ত কমিটির সদস্য হতে পারেন। সচিব আইএমইডি কে আহবায়ক করে একটি কারিগরি কমিটি (Technical Committee) গঠনের বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। যেখানে পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশনের প্রধানগণ সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হবেন।

২.৫ আগামী ১৮ মে ২০২৬ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় ২০২৬-২০২৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর ওপর যে উপস্থাপনা প্রদান করা হবে সে বিষয়ে প্রধান, কার্যক্রম বিভাগ একটি সংক্ষিপ্ত উপস্থাপনা তুলে ধরেন। উক্ত উপস্থাপনার কিছু কিছু বিষয় সংশোধনের জন্য সভাপতি মহোদয় এবং প্রতিমন্ত্রী মহোদয় নির্দেশনা প্রদান করেন।

২.৬ আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের আওতায় বাস্তবায়নাধীন চলমান প্রকল্পগুলোর মধ্যে কতগুলো প্রকল্প নির্বাচনী ইশতেহারের সঙ্গে সংগতিপূর্ণ, কতগুলো সংগতিপূর্ণ নয় এবং সেক্টরাল এ্যাকশন প্লানের ওপর সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ তাঁর উপস্থাপনা প্রদান করেন। তিনি তাঁর উপস্থাপনায় আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের প্রকল্পগুলো বার্ষিক উন্নয়ন কর্মসূচীর যে যে সেক্টরের আওতাধীন তা উল্লেখ করেন। প্রকল্পগুলো কিভাবে নির্বাচনী ইশতেহার এবং Sustainable Development Goals (SDG) এর সাথে সংগতিপূর্ণ সে বিষয়েও তিনি আলোকপাত করেন। নির্বাচনী ইশতেহারের ৫টি (পাঁচ) স্তম্ভের উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে বাস্তবায়ন কৌশল কি হবে, মন্ত্রণালয় ভিত্তিক চলমান প্রকল্পের বর্তমান অবস্থা, অননুমোদিত সবুজ পাতার প্রকল্প, প্রত্যাশিত ফলাফল এবং ভবিষ্যৎ করণীয় বিষয়েও তিনি আলোকপাত করেন। তিনি আরও জানান যে, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের আওতাধীন চলমান প্রকল্পগুলোর মাধ্যমে মোট ৯,৬৩,৫২৭ জন লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। উক্ত উপস্থাপনার ওপর সভাপতি মহোদয় কিছু নির্দেশনা প্রদান করেন এবং নির্দেশনার আলোকে তা সংশোধনের অনুরোধ জানান।

৩.০ **সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১ জিইডি আগামী ২১ মে ২০২৬ তারিখের মধ্যে খসড়া Five Year Strategic Framework for Reform & Development এর সংশ্লিষ্ট অংশ পরিকল্পনা কমিশনের সেক্টর/ডিভিশনে প্রেরণ করবে।

৩.২ জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভায় উপস্থাপনের জন্য প্রস্তুতকৃত উপস্থাপনা আরও পরিমার্জন করতে হবে।

৩.৩ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) যাতে বিধিবদ্ধ প্রক্রিয়া (statutory process) অনুসরণ করে কাজ করতে পারে সে সংক্রান্ত একটি প্লান পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রণয়ন করে মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় মহোদয়ের নিকট দাখিল করবে।

৪.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৫/২০২৬

(ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর)
উপদেষ্টা
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়